

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৬১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - ক্ষমা ও তাওবাহ

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ تَعَالَى لَيَغْفِرُ لِعَبْدِهِ مَا لَمْ يَقَعِ الْحِجَابُ» . قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَمَا الْحِجَابُ؟ قَالَ: «أَنْ تَمُوتَ النَّفْسُ وَهِيَ مُشْركَةٌ»

رَوَى الْأَحَادِيثَ التَّلَاتَةَ أَحْمَدُ وَرَوَى الْبَيْهَقِيُّ الْأَخِيرَ فِي كِتَابِ الْبَعْثُ والنشور

বাংলা

২৩৬১-[৩৯] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা তার বান্দাকে ক্ষমা করে দেন, যতক্ষণ পর্যন্ত (আল্লাহ ও তার বান্দার মধ্যে) পর্দা না পড়ে। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! পর্দা কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, কোন ব্যক্তির মুশরিক হয়ে মৃত্যুবরণ করা।

উপরোক্ত তিনটি হাদীসই বর্ণনা করেছেন ইমাম আহমদ, আর শেষ হাদীসটি ইমাম বায়হাকী বর্ণনা করেছেন ''কিতাবিল বা'সি ওয়ান্ নুশূর''-এ।[1]

ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ২১৫২২, ইবনু হিব্বান ৬২৭, মুসতাদারাক লিল হাকিম ৭৬৬০। কারণ এর সানাদে 'উমার ইবনু নু'আয়ম এবং তার উস্তায উমামাহ্ ইবনু সালমান উভয়েই মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا لَمْ يَقَعِ الْحِجَابُ) "যতক্ষণ পর্যন্ত পর্দা না পড়ে"। অর্থাৎ- আল্লাহর রহমাত ও বান্দার মাঝে পর্দা না পড়ে ততক্ষণ পর্যন্ত আল্লাহ ক্ষমা করতে থাকেন। পর্দা পড়ে গেলে আর ক্ষমা করেন না।



(وَمَا الْحِجَابُ) "পর্দা কি?" অর্থাৎ- আল্লাহর রহমাত ও বান্দার মাঝে কিভাবে পর্দা পতিত হয় যাতে তার গুনাহ

"নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কোন ব্যক্তি যখন শির্কে লিপ্ত অবস্থায় মৃত্যুবরণ করে"। অর্থাৎ- শির্ক গুনাহ করার পর তাওবাহ্ না করেই মারা যায় তখন তার মাঝে এবং আল্লাহর রহমাতের মাঝে পর্দা পড়ে যায়, ফলে আল্লাহ তা'আলা তখন আর তার গুনাহ ক্ষমা করেন না। শির্কের অনুরূপ সকল প্রকার কুফরী গুনাহ, অর্থাৎ- বান্দা যদি কুফরীতে লিপ্ত হওয়ার পর তা থেকে তাওবাহ্ না করে মারা যায় তাহলে আল্লাহ তা'আলা তাকে ক্ষমা করবেন না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন